

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৮ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ/ ০২ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৬.০৭২—যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব কাজী আখতার উদ্দিন আহমেদ দীর্ঘ প্রায় ৩৩ বছর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ২৮ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে অবসর গ্রহণ করেন।

২। দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য কাজী আখতার উদ্দিন আহমেদকে ধন্যবাদ জানিয়ে, সরকারি চাকরি থেকে অবসর গ্রহণের পরও তিনি দেশের সেবায় নিয়োজিত থাকবেন মর্মে আশা প্রকাশ করে এবং তাঁর ও তাঁর পরিবারের সকলের দীর্ঘায়ু, সুস্বাস্থ্য ও সুন্দর জীবন কামনা করে মন্ত্রিসভার ১৫ ফাল্গুন ১৪২৩/২৭ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত ধন্যবাদ প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
এন. এম. জিয়াউল আলম
সচিব (সমন্বয় ও সংস্কার)

(২১৬১)
মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার ধন্যবাদ প্রস্তাব

ঢাকা: ১৫ ফাল্গুন ১৪২৩
২৭ ফেব্রুয়ারি ২০১৭

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব কাজী আখতার উদ্দিন আহমেদ দীর্ঘ প্রায় ৩৩ বছর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ২৮ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে অবসর গ্রহণ করছেন।

কাজী আখতার উদ্দিন আহমেদ বিসিএস ১৯৮২ ব্যাচের সদস্য হিসাবে মনোনীত হয়ে ২৭ মার্চ ১৯৮৪ তারিখে বাংলাদেশ সিভিল সার্ভিস (তথ্য) ক্যাডারে যোগদান করেন। কর্মজীবনে তিনি ১৯৯১ সালে তৎকালীন মাননীয় বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনার জনসংযোগ কর্মকর্তা এবং ১৯৯৭ থেকে ২০০১ পর্যন্ত তদানীন্তন সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডেপুটি প্রেস সেক্রেটারি হিসাবে দায়িত্ব পালন করেন। অতঃপর তিনি ২০০৩ সালে সরকারের উপসচিব পদে যোগদান করেন। তিনি বাংলাদেশ বেতারে মহাপরিচালক, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে অতিরিক্ত সচিবসহ প্রধানমন্ত্রীর কার্যালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, বন্দ্র ও পাট মন্ত্রণালয় এবং বাণিজ্য মন্ত্রণালয়সহ বাংলাদেশ সরকারের বিভিন্ন সংস্থায় গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। জনাব আখতার ০২ ডিসেম্বর ২০১৫ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব পদে নিযুক্ত হন এবং অবসর গ্রহণ পর্যন্ত এই পদে অধিষ্ঠিত ছিলেন।

কর্মজীবনে কাজী আখতার উদ্দিন আহমেদ আন্তরিকতা, দক্ষতা ও পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালন করেছেন। সরকারের সিদ্ধান্ত, নীতি-কৌশল ও কর্মসূচি বাস্তবায়নে তাঁর ভূমিকা ছিল অত্যন্ত প্রশংসনীয়।

দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য মন্ত্রিসভা কাজী আখতার উদ্দিন আহমেদকে ধন্যবাদ জানাচ্ছে এবং আশা প্রকাশ করছে যে, সরকারি চাকরি থেকে অবসর গ্রহণের পরও তিনি দেশের সেবায় নিয়োজিত থাকবেন। মন্ত্রিসভা কাজী আখতার উদ্দিন আহমেদ ও তাঁর পরিবারের সকলের দীর্ঘায়ু, সুস্বাস্থ্য ও সুন্দর জীবন কামনা করছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd